

অগ্রগামী(Avanzato): শিক্ষার্থী তার জানা এবং অজানা পরিস্থিতিতে স্কুলের কাজগুলো সম্পাদন করতে পারে, শিক্ষক প্রদত্ত এবং অন্য যেকোনো উৎস থেকে পাওয়া উভয় ধরনের তথ্যাদি নিয়ে সে কারো সাহায্য ছাড়া নিজে নিজে অর্থাৎ স্বয়ংসম্পূর্ণভাবে এবং ক্রমাগতভাবে কাজ করতে পারে।

মধ্যবর্তী (Intermedio) : শিক্ষার্থী তার জানা গন্ডির মধ্যে স্বয়ংসম্পূর্ণভাবে এবং ক্রমাগতভাবে নিজের কাজ নিজে করতে পারে ; শিক্ষক প্রদত্ত অথবা অন্য কোথাও থেকে পাওয়া তথ্য ব্যবহার করে নতুন বা অজানা বিষয় নিয়ে স্কুলের কাজ সম্পাদন করতে পারে, যদিও অনেক সময় সে কারো সাহায্য ছাড়া একা একা কাজ করতে পারে না।

প্রাথমিক জ্ঞানসম্পন্ন (Base) : শিক্ষার্থী শুধুমাত্র পরিচিত পরিস্থিতিতে এবং শিক্ষক কর্তৃক শেখানো তথ্যাদি ব্যবহার করে স্কুলের কাজ সম্পাদন করতে পারে। সে কেবলমাত্র পুনরাবৃত্তি করলেই স্কুলের কাজ করতে পারে, তবে সবসময় শিক্ষকের সাহায্য ছাড়া পারে না।

প্রথম পদক্ষেপ ( In via di prima acquisizione): শিক্ষার্থী শুধুমাত্র সীমিত গন্ডির মধ্যে এবং কেবলমাত্র শিক্ষকের সহায়তায় ও বিশেষভাবে শেখানো তথ্যাদি দ্বারা স্কুলের কাজ সম্পাদন করতে পারে।